


অস্টিন ক্লেওন

মিউন  
লাইক অ্যান  
আর্টিস্ট

অনুবাদ : হাসান আযীয  
এম এস আই সোহান





অস্টিন ক্লেওনের জন্ম ১৯৮৩ সালে আমেরিকার ওহিয়োতে। তাঁর মতে তিনি বই আঁকেন। ছবি আঁকেন শব্দ দিয়ে; বই লিখেন ছবি দিয়ে।

নিউ ইয়র্ক টাইমস বেস্টসেলার এই লেখকের এখন পর্যন্ত বইয়ের সংখ্যা ৫টি। তাঁর উল্লেখযোগ্য বইসমূহ : স্টিল লাইক অ্যান আর্টিস্ট, শো ইয়োর ওয়ার্ক, কিপ গোল্ডিং, নিউজপেপার ব্ল্যাকআউট।

স্টিল লাইক অ্যান আর্টিস্ট বাংলা ভাষায় অনূদিত তাঁর প্রথম বই।

অস্টিন ক্লেওন বর্তমানে নিজ পরিবার নিয়ে বসবাস করছেন আমেরিকার টেক্সাসে।

মিল

লাইক অ্যান

মোট



# স্টিল লাইক অ্যান আর্টিস্ট

অস্টিন ক্লেয়ন

অনুবাদ: হাসান আযীয  
এম এস আই সোহান

প্রকাশ  
ভূমিপ্রকাশ

“

“শিল্প হলো চুরিবিদ্যা।”

—পাবলো পিকাসো

“অপরিপক্ব কবি অনুকরণ করেন, পরিপক্ব কবি চুরি করেন।  
বাজে কবি যা নেয় তা নষ্ট করে, ভালো কবি যা নেন তা আরো  
ভালো করে তোলেন, অন্তত আলাদা কিছু তৈরি করেন। ভালো  
কবি অতুলনীয় অনুভূতিতে তার ‘চুরি’ সাজান, ‘চুরি’ করা  
জিনিস থেকে যা একদমই অন্যরকম।”

—টিএস ইলিয়ট

# ALL ADVICE IS AUTOBIOGRAPHICAL.

## পরামর্শমাত্রই আপনার জীবনের কথা

আমার ধারণা, লোকে যখন আপনাকে পরামর্শ দেয়, তারা আসলে নিজের অতীতসত্ত্বার সাথে কথা বলে।

এ বইটাও তেমন। ‘অতীতের আমি’র সাথে আমার নিজের কথা বলা।

শিল্প তৈরির পন্থা নিয়ে প্রায় এক দশক যাবত অনেক কিছু শিখেছি। তবে একটি মজার ঘটনা ঘটলো যখন আমি এগুলো অন্যদের সাথে ভাগ করতে শুরু করলাম। বুঝতে পারলাম, পন্থাগুলো কেবল শিল্পীদের জন্য নয়। সবার জন্যই।


যারা জীবনে বাঁকে বাঁকে কিংবা কাজের মধ্যে সৃজনশীলতা আনতে ইচ্ছুক (তা তো সবাই-ই আনতে চায়), আইডিয়াগুলো তাদের সবার জন্যই।

সহজ করে বললে : বইটা আপনার জন্য। আপনি যে-ই হোন না কেন, যা-ই করুন না কেন।

চলুন, শুরু করা যাক।

# ① STEAL LIKE AN ARTIST.

১. চুরি করুন শিল্পীর মতো



# HOW TO LOOK AT THE WORLD (LIKE AN ARTIST)

প্রত্যেক শিল্পীকেই এই প্রশ্নের মুখোমুখি হতে হয়,  
“আইডিয়াগুলো পান কোথা থেকে?”

সং সদুত্তর,

“চুরি করে।”

বিশ্বটাকে একজন শিল্পী কীভাবে দেখেন?

প্রথমত, খুঁজে বের করুন কী ‘চুরি’ করা যায়। এরপর পরবর্তী বিষয়ে পদক্ষেপ  
নিন।

এই তো, এতটুকুই!

এভাবে দুনিয়া দেখলে কোনটা ‘ভালো’, কোনটা ‘খারাপ’—এমন চিন্তা  
মাথায় আসে না। কেবল একটা চিন্তাই আসে : কোনটা ‘চুরি করার মতো’ আর  
‘কোনটা নয়’।

সব কিছু থেকে আইডিয়া নেওয়া যায়। আজ ‘চুরি’র জন্য ভালো কিছু পেলেন  
না, হয়তো আগামীকাল পাবেন। নচেৎ এক মাস পর, কিংবা এক বছর পর।

“আমি শুধু সেসব শিল্পই অধ্যয়ন করবো, যা থেকে আমি চুরি করতে পারি।”

—ড্যাভিড বাউই